**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 14-11-2025** **Desk in Charge : SDG**

**Time : 1.30 P.M** **Compiling : NBR /Jayanta S.**

**DEO : KB** **NRT : NBR**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) বিহার বিধানসভা নির্বাচনের ভোটগননায় রাজ্যে ফের একবার এনডিএ জোট ক্ষমতায় আসার ইঙ্গিত মিলেছে। জয়ের পথে এগিয়ে চলেছে জাতীয় গণতান্ত্রিক জোট। # একইসঙ্গে চলেছে ৭ টি রাজ্যের ৮ টি বিধানসভা আসনেরও উপনির্বাচনের ভোট গণনা। জম্মু কাশ্মীরের নাগরোটা আসনে বিজেপি প্রার্থী জয়লাভ করেছেন।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল গুজরাট সফরে ৯ হাজার ৭০০ কোটি টাকার একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

৩) বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর আজ কানাডায় G-7 গোষ্ঠীর বিদেশমন্ত্রীদের সম্মেলনে অংশ নিয়েছেন।

৪) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহরুর জন্মদিনটি আজ শিশু দিবস হিসাবে উদযাপিত হচ্ছে।

৫) ভারতীয় ডাক বিভাগের পক্ষ থেকে দশম রাজ্য স্তরের ডাকটিকিট প্রদর্শনী 'বঙ্গপেক্স২০২৫' কলকাতায় আজ থেকে শুরু হয়েছে।

৬) কলকাতার ইডেন গার্ডেন্সে ভারতের বিরুদ্ধে প্রথম ক্রিকেট টেস্টে দক্ষিণ আফ্রিকা টসে জিতে প্রথমে ব্যাট করছে।

*******************************************************************

বিহার বিধানসভা নির্বাচনের ভোটগণনায় রাজ্যে ফের একবার এনডিএ জোট ক্ষমতায় আসার ইঙ্গিত মিলেছে। বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়ের পথে এগিয়ে চলেছে জাতীয় গণতান্ত্রিক জোট। এখনো পর্যন্ত তারা এগিয়ে আছে ১৮০ টি আসনে। এর মধ্যে বিজেপি এগিয়ে আছে৯০টি আসনে। জেডিইউ ৮১ টিআসনে এগিয়ে। এদিকে, বিরোধী মহাজোট মুখ থুবড়ে পড়েছে। প্রশান্ত কিশোরের জন সূরজ পার্টিও এই বিধানসভা নির্বাচনে ছাপ ফেলতে ব্যর্থ হয়েছে। আর জেডি এগিয়ে আছে ২৯ আসনে। রাম বিলাস পাসোয়ানের লোক জনশক্তি পার্টি ২০ আসনে এগিয়ে। এছাড়াও কংগ্রেস ৫, হিন্দুস্তান আওয়াম মোর্চা সেকুলার হ্যাম ৩_, সিপিআইএমএল ৪, রাষ্ট্রীয় লোক মোর্চা ৪, এআইএমআইএম ৫ এবং বহুজন সমাজ পার্টি ১টি আসনে এগিয়ে আছে।

উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে দুই উপমুখ্যমন্ত্রী বিজেপি প্রার্থী বিজয় কুমার সিনহা এবং সম্রাট চৌধুরী এগিয়ে আছেন। এছাড়াও গয়া টাউন থেকে ড. প্রেম কুমার এগিয়ে আছেন। রাঘোপুরে মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী আর যে ডি-র তেজস্বী প্রসাদ যাদবকে পিছনে ফেলে এগিয়ে গেছেন বিজেপি প্রার্থী সতীশ কুমার। ইতিমধ্যেই জেডি ইউ সমর্থকরা পাটনায় দলীয় দপ্তরের সামনে উৎসবে মেতেছেন। চলছে মিষ্টিমুখ, আবীর খেলা।

উল্লেখ্য, কঠোর নিরাপত্তার মধ্যে দিয়ে রাজ্যে ২৪৩ টি বিধানসভা আসনে আজ সকাল ৮ টায় শুরু হয় গণনা। রিটার্নিং অফিসার এবং গণনা পর্যবেক্ষকরা বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী ও তাদের এজেন্টদের উপস্থিতিতে গণনা প্রক্রিয়ার ওপর নজর রাখছেন। স্বচ্ছতার সঙ্গে ভোটগননার জন্য নিয়োগ করা হয়েছে ১৮ হাজারের বেশী কাউন্টিং এজেন্টকে।

আগেই জানানো হয়েছে গত ৬ ও ১১ই নভেম্বর রাজ্যে দু দফার ভোটে রেকর্ড ৬৭ দশমিক ১/৩ শতাংশ ভোট পড়েছে।

*************************

বিহারে জাতীয় গণতান্ত্রিক জোট-NDA ক্ষমতায় আসার ইঙ্গিত সুস্পষ্ট হওয়ার পরই বিজেপির মুখপাত্র গৌরব ভাটিয়া আকাশবাণীকে বলেছেন, বিহারবাসী, রাজ্যে ডাবল ইঞ্জিন সরকারের ওপর ভরসা রেখেছে। বিজেপি সাংসদ জগদম্বিকা পাল বলেছেন, বিহারের মানুষ মহাজোটকে প্রত্যাখান করেছে।

(বাইট- জগদম্বিকা )

অপর মুখপাত্র মনোজ যাদব বলেছেন, ভোটের গতিপ্রকৃতি দেখে সকালেই চূড়ান্ত ফলাফল বোঝা গেছে। অন্যদিকে, আলিনগর আসন থেকে এগিয়ে থাকা বিজেপি প্রার্থী মৈথিলী ঠাকুর বলেছেন, আজকের দিনটি তাঁর কাছে মানুষকে সেবা করার সুযোগ এনে দেবে।

(বাইট- মৈথিলী)

*************************

বিহার বিধানসভার সঙ্গেই আজ ৭ রাজ্যের আটটি বিধানসভা আসনের উপনির্বাচনে চলছে ভোট গণনা। মিজোরামে, মিজোরাম ন্যাশনাল ফ্রন্টের প্রার্থী ডঃ আর. লালথাংলিয়ানা ডাম্পা আসনে জয়ী হয়েছেন। তিনি তার নিকটতম প্রতিদ্বন্দ্বী এবং জোরাম পিপলস মুভমেন্টের প্রার্থী ভানলালসাইলোভাকে ৫৬২ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন।

জম্মু ও কাশ্মীরের, নাগরোটা আসনে বিজেপি প্রার্থী দেবযানী রানা জয়লাভ করেছেন। ২৪ হাজার ৬শোর বেশী ভোটে তিনি পরাজিত করেছেন তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী ন্যাশনাল প্যান্থারাস পার্টির হর্ষ দেব সিং-কে। ১১ রাউন্ড গণনার শেষে দেবযানী পেয়েছেন ৪২ হাজার ৩৫০ টি ভোট।

পিডিপি প্রার্থী আগা সৈয়দ মুন্তজির মেহেদী এগিয়ে আছেন বদগাঁও আসনে।

ওড়িশায়, নুয়াপাড়ায় বিজেপি প্রার্থী জয় ধোলাকিয়া এগিয়ে আছেন।

ঝাড়খণ্ডের ঘাটসিলায় এগিয়ে আছেন জেএমএম প্রার্থী সোমেশ চন্দ্র সোরেন।

তেলেঙ্গানায়, জুবিলি হিলস আসনে কংগ্রেস প্রার্থী নবীন যাদব ভি এগিয়ে আছেন।

কংগ্রেস প্রার্থী প্রমোদ জৈন ভায়া রাজস্থানের আন্তায় এগিয়ে রয়েছেন।

পাঞ্জাবের তরন-তারানে এগিয়ে রয়েছেন আম আদমি পার্টির প্রার্থী হরমিত সিং সান্ধু।

***************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-র SIR এর কাজ চলাকালীন নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গে আগামী বছরের বিধানসভা ভোটের প্রস্তুতিও শুরু করে দিয়েছে। এসংক্রান্ত প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের প্রতিনিধিরা আগামী সপ্তাহে ফের রাজ্যে আসছেন। নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, সংশোধনী প্রক্রিয়ায় কোনো ধরনের অনিয়ম বা পক্ষপাতিত্ব যাতে না হয়, তা নিশ্চিত করতেই এই সফর। আগামী ২১ নভেম্বর রাজ্য সফরে এসে কমিশনের প্রতিনিধিরা রাজ্যের বিভিন্ন জেলা ও ব্লকে SIR-এর অগ্রগতি, BLO দের কাজ, এবং অভিযোগের নিষ্পত্তি কতদূর এগিয়েছে, তা খতিয়ে দেখবেন। বৈঠকে ইভিএম প্রস্তুতি ও ভোটার তালিকার পর্যালোচনা মূলত দুইটি বিষয়ের উপর জোর দেওয়া হবে বলে জানা গেছে।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের কাজে BLO-দের দিয়ে তথ্য আপলোড করানোর কাজের তীব্র বিরোধিতা করেছে ভোটকর্মী ও BLO ঐক্য মঞ্চ। গতকাল নদীয়ার করিমপুর এক নম্বর ব্লকে BLO-দের প্রবল বিক্ষোভকে সমর্থন জানিয়ে, মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেন, কোন কোন ক্ষেত্রে এক জন BLO-কে প্রায় বারোশ ভোটারের তথ্য আপলোড করতে হবে। কমিশন নির্ধারিত

সময়সীমার মধ্যে এই কাজ শেষ করা প্রায় অসম্ভব বলে তিনি মন্তব্য করেন। পূর্ব বর্ধমানের কাটোয়া-তেও এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন BLO-দের একাংশ।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ বিএলও-দের দিয়ে ডেটা এন্ট্রির কাজ না করিয়ে অন্যদের দিয়ে এই কাজ করানোর দাবি জানিয়েছে। এই দাবি জানিয়ে মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল কে চিঠি দিয়েছেন।

*************************

চুয়াল্লিশতম ভারত আন্তর্জাতিক বাণিজ্য মেলা-আইআইটিএফ আজ থেকে নতুনদিল্লির ভারত মণ্ডপমে শুরু হচ্ছে। ১৪ দিনের এই আন্তর্জাতিক বাণিজ্য মেলায় সংযুক্ত আরব আমিরশাহী, চীন, ইরান, দক্ষিণ কোরিয়া , মিশর সহ বারোটি দেশ অংশগ্রহণ করছে।

এদিকে, প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন বিভাগ ডিডিপি আজ থেকে এই বাণিজ্য মেলায় প্রতিরক্ষা ক্ষেত্রে দেশীয় প্রযুক্তির সাফল্য তুলে ধরবে।

প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে যে তাদের প্যাভিলিয়ন, প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনে ক্রমবর্ধমান সাফল্য এবং উদ্ভাবনী দক্ষতা প্রদর্শন করবে।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল গুজরাট সফরে যাবেন। সফরকালে শ্রী মোদী, মুম্বাই আমেদাবাদ উচ্চ গতিসম্পন্ন রেল করিডোরের জন্য সুরাটে নির্মীয়মান বুলেট ট্রেন স্টেশন পরিদর্শন করবেন। পরে প্রধানমন্ত্রী নর্মদা জেলায় দেবমোগরা মন্দিরে পুজো ও দর্শন করবেন। দেদিয়াপাড়ায় ধরতি আবা ভগবান বীরসা মুন্ডার সার্ধ শতজন্মবর্ষ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেবেন। সেখানে ৯ হাজার ৭শো কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন

তিনি। এক জনসভায় তাঁর ভাষন দেবার কথা আছে। প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান এবং ধরতি আবা জনজাতীয় গ্রাম উতকর্ষ অভিযানের আওতায় নির্মিত এক লক্ষ বাড়ীতে গৃহপ্রবেশ অনুষ্ঠানে অংশ নেবেন। ৭৪৮ কিলোমিটার নতুন রাস্তা নির্মান কাজের শিলান্যাসও করবেন তিনি।

***************************

বিদেশমন্ত্রী ড এস জয়শঙ্কর আজ কানাডায় জি সেভেন গোষ্ঠীর বিদেশমন্ত্রীদের সম্মেলনে অংশ নিয়েছেন। একাধিক দেশের বিদেশ মন্ত্রীদের সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। আয়োজক কানাডা ভারতকে ওই সম্মেলনে অংশ নিতে আমন্ত্রন জানিয়েছে। শ্রী জয়শঙ্কর, কানাডার বিদেশমন্ত্রী অনিতা আনন্দের সঙ্গে সাক্ষাৎ করেছেন দুই নেতা ২০২৫ এর নতুন পথ নির্দেশিকা বা নিউ রোডম্যাপ বাস্তবায়নের দিকটি পর্যালোচনা করেন। নায়াগ্রায় দু দিনের এই সম্মেলনের ফাঁকে বিদেশমন্ত্রী বিস্তারিত আলাপ আলোচনায় করেছেন। ড জয়শঙ্কর সাক্ষাৎ করেছেন মার্কিন বিদেশসচিব মার্কো রুবিওর সঙ্গে। তাদের মধ্যে দ্বিপাক্ষিক নানা বিষয় নিয়ে কথা হয়েছে। ইউক্রেন ও মধ্যপ্রাচ্যে চলতি দ্বন্দ্ব নিরসনেও দুই নেতা আলোচনায় করেছেন।

শ্রী জয়শঙ্কর, ইউক্রেনের বিদেশমন্ত্রী আন্দ্রিল সিবিহার সঙ্গে দেখা করে শান্তির লক্ষ্যে কিভের দৃষ্টিভঙ্গীর ওপর আলোচনা করেন। একই সঙ্গে তিনি ইউরোপীয় ইউনিয়নের বিভিন্ন দেশের বিদেশমন্ত্রীদের সঙ্গেও বৈঠক করেছেন।

***************************

ভারত ও সৌদি আরব তাদের দ্বিপাক্ষিক বস্ত্র বাণিজ্য দ্বিগুণ করার ব্যাপারে একটি সর্বসম্মত চুক্তিতে পৌঁছতে চলেছে। ভারতের উচ্চ মানের বস্ত্র রিঁয়াধে আমদানির চেষ্টা চালানো হচ্ছে। উভয়পক্ষই এব্যাপারে শুল্ক হ্রাস করে এক যৌথ কর্মসূচী নেবে বলে জানিয়েছে। সৌদি আরবের শিল্প ও খনিজ সম্পদ মন্ত্রকের উপমন্ত্রী খলিল ইবন

সালামার নেতৃত্বে এক প্রতিনিধি দল গতকাল নতুন দিল্লীতে উদ্যোগ ভবনে ভারতের বস্ত্র সচিবের সঙ্গে বৈঠক করেন।

উল্লেখ্য, ভারত সৌদি আরবে বস্ত্র রপ্তানির ক্ষেত্রে দ্বিতীয় বৃহত্তম দেশ।

**************************

লেবাননের বেইরুটে ভারতীয় দূতাবাসের উদ্যোগে আন্তর্জাতিক গীতা মহোৎসব ২০২৫-এ ২০০ জনেরও বেশি মানুষ অংশগ্রহণ করেন। বেইরুটের লেবানিজ ন্যাশানাল থিয়েটারে সেদেশের ভারতীয় রাষ্ট্রদূত নূর রহমান শেখ, গীতা মহোৎসবের গুরুত্ব ব্যাখ্যা করে বলেন, ভগবত গীতা শতাব্দীর পর শতাব্দী ধরে সততা, পবিত্রতার সদিচ্ছার বার্তা দিয়ে আসছে। ইউনেস্কো তাদের ওয়ার্ল্ড রেজিস্টার অফ মেমারিতে এই পবিত্র গ্রন্থটিকে স্থান দিয়েছে। বেইরুটের অনুষ্ঠানে ভগবত গীতার বিখ্যাত শ্লোকগুলিও আবৃতি করে শোনানো হয়।

**************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরুর ১৩৭ তম জন্মদিনটি শিশু দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। স্বৈরাচারী ইংরেজ শাসকের কবল থেকে দেশকে মুক্ত করতে জওহরলাল নেহেরু যোগ দিয়েছিলেন স্বাধীনতা আন্দোলনে। স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন তিনি। শিশুদের কাছে চাচা নেহেরু হিসাবে অত্যন্ত জনপ্রিয় ছিলেন। আজ প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আয়োজিত অনুষ্ঠানে প্রদেশ কংগ্রেসের তরফ থেকে দেশের প্রথম প্রধানমন্ত্রীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রাক্তন প্রধানমন্ত্রী পন্ডিত নেহরুর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন।

*************************

ভারতীয় ডাক বিভাগের পক্ষ থেকে দশম রাজ্য স্তরের ডাকটিকিট প্রদর্শনী 'বঙ্গপেক্স-২০২৫' কলকাতায় আজ থেকে শুরু হয়েছে। সায়েন্স সিটিতে পশ্চিমবঙ্গের রাজ্যপাল সি ভি আনন্দ বোস এই প্রদর্শনীর উদ্বোধন করেন। ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলের উদ্যোগে সায়েন্স সিটিতে এই প্রদর্শনী চলবে ১৭তারিখ পর্যন্ত। প্রদর্শনীর মূল উদ্দেশ্য হোল বিভিন্ন বিরল ডাকটিকিটকে সবার কাছে তুলে ধরা,ডাকটিকিট সংগ্রহ ও সংরক্ষণ সম্পর্কে মানুষের মধ্যে আগ্রহ বৃদ্ধি করা। অনুষ্ঠানে 'নেতাজির দুর্গাপূজা' এবং 'বাংলার কিংবদন্তি চলচ্চিত্র নির্দেশক'-দের নিয়ে দুটি বিশেষ কভার এবং সুকুমার রায়ের 'আবোল তাবোল' কবিতার উপর কয়েকটি পোস্টকার্ড উদ্বোধন করা হয়। ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলের চিফ পোস্টমাস্টার জেনারেল অশোক কুমার, বিশিষ্ট নৃত্যশিল্পী পদ্মশ্রী মমতা শংকর, নেতাজী রিসার্চ ব্যুরোর ডায়রেক্টর ডক্টর সুমন্ত্র বোস প্রমুখ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

*************************

ইডেনে দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথম ক্রিকেট টেস্টে ভারতের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকা টসে জিতে প্রথমে ব্যাট করছে। মধ্যাহ্নভোজের বিরতির পর খেলা চলছে। দক্ষিণ আফ্রিকা শেষ পাওয়া খবর অনুযায়ী ৫ উইকেটে ১৩২ রান করেছে। জশপ্রীত বুমরাহ তিনটি, কুলদীপ যাদব দুই উইকেট নিয়েছেন।

বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকায় ভারত ৬১ দশমিক নয় শুন্য পয়েন্ট শতাংশ সংগ্রহ করে তৃতীয় স্থানে রয়েছে। ৫০ পয়েন্ট শতাংশ নিয়ে দক্ষিণ আফ্রিকা রয়েছে পঞ্চম স্থানে।

*****************************************************************